

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৩

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (১ হার্ম)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় 'অনুচ্ছেদ - তাকদীরের প্রতি ঈমান

باب الإيمان بالقدر _ الفصل الثاني

আরবী

وَعَنْ أَبِي مُوسَى قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَثَلُ الْقَلْبِ كَرِيشَةٍ بِأَرْضِ فَلَاةٍ يُقَلِّبُهَا الرِّيَاحُ ظَهْرًا لِبَطْنٍ» . رَوَاهُ أَحْمد

বাংলা

১০৩-[২৫] আবৃ মূসা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহর হাতে (মানুষের) 'রুলব' (কলব) বা মন, যেমন কোন তৃণশূন্য মাঠে একটি পালক, যাকে বাতাসের গতি বুকে-পিঠে (এদিক-সেদিক) ঘুরিয়ে থাকে।[1] (আহমাদ)

English

Chapter: Belief in the Divine Decree - Section 2

Abu Musa reported that God's messenger said, "The heart is like a feather in desert country which the winds keep turning over and over."

Ahmad transmitted it.

ফুটনোট

[1] সহীহ : আহমাদ ১৮৮৩০, ইবনু মাজাহ্ ৮৫, সহীহুল জামি' ২৩৬৫, শারহুস্ সুন্নাহ ১৪। ইমাম আহমাদ তাঁর মুসনাদে ৪/৪০৮ ও ৪১৯ নং এ ভিন্ন শব্দে দু'টি সহীহ সানাদে হাদীসটি বর্ণনা করেছেন। আর এ শব্দে হাদীসটি আল বাগাবী প্রণেতা 'শারহুস সুন্নাহ' গ্রন্থের ১৪ নং পৃষ্ঠায় বর্ণনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (يُقَلِّبُهَا الرَّيَاحُ ظَهْرًا لِّبَطْن) "যাকে বাতাসের গতি এদিক-সেদিক ঘুরিয়ে থাকে।" অর্থাৎ- তৃণহীন মাঠে



পরে থাকা পালককে বাতাসের গতি যেমন এদিক-সেদিক উলট-পালট করে ফেলে, এতে কোন কিছুই বাধা হয়ে দাঁড়ায় না। মানুষের অন্তর তদ্ধ্রপ আল্লাহ তা'আলার হাতের মুঠোতে, তিনি যেভাবে ইচ্ছা সেভাবে উলট-পালট করে থাকেন। তাইতো তা কোন সময় কল্যাণকামী হয় আবার মুহূর্তেই তা অকল্যাণকামী হয়ে যায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন